



স্মারক নং-সিকুবি/ডিন-কৃ.প্র.ও প্র.অ./৭৪/১৭/৫৯৯

তারিখ: ০৬-০৯-২০২৬ খ্রি.

ডিন এওয়ার্ড ও ভাইস-চ্যান্সেলর এওয়ার্ড সংক্রান্ত বিজ্ঞপ্তি

বিষয়: ডিন মেধা তালিকা ও ডিন এওয়ার্ড এবং ভাইস-চ্যান্সেলর মেধা তালিকা ও ভাইস-চ্যান্সেলর এওয়ার্ডের জন্য শিক্ষার্থীদের আবেদন প্রসঙ্গে।

এতদ্বারা সিলেট কৃষি বিশ্ববিদ্যালয়ের কৃষি প্রকৌশল ও প্রযুক্তি অনুষদের ২০২২-২০২৩ ও ২০২১-২০২২ শিক্ষাবর্ষের বি.এসসি. এগ্রিল. ইঞ্জি. লেভেল-২ ও লেভেল-৩-এ ফাইনাল পরীক্ষায় কৃতকার্য শিক্ষার্থীদের জানানো যাচ্ছে যে, ২০২৪ সালের উভয় সেমিস্টারের ফাইনাল পরীক্ষায় কোনো কোর্সে F গ্রেড ব্যতীত এবং ৩.৭৫ বা তদূর্ধ্ব GPA অর্জনকারী শিক্ষার্থীদের অসাধারণ ফলাফলের স্বীকৃতিস্বরূপ সর্বোচ্চ ৫ (পাঁচ) জনকে ডিন মেধা তালিকায় অন্তর্ভুক্ত করা হবে এবং বিশ্ববিদ্যালয়ের 'স্নাতক কোর্স-ক্রেডিট সেমিস্টার পদ্ধতি সংক্রান্ত অধ্যাদেশ (৫ম সংশোধনী)'-এর ধারা ২৪.১ মোতাবেক ডিন এওয়ার্ড প্রদান করা হবে।

এছাড়া, উভয় সেমিস্টারে কোনো কোর্সে F গ্রেড ব্যতীত ৩.৮৫ বা তদূর্ধ্ব GPA অর্জনকারী শিক্ষার্থীদের মধ্য হতে সর্বোচ্চ GPA অর্জনকারী শিক্ষার্থী/শিক্ষার্থীদের তাদের বৈশিষ্ট্যমণ্ডিত সাফল্যের স্বীকৃতিস্বরূপ ভাইস-চ্যান্সেলর মেধা তালিকা ও পুরস্কারের জন্য অন্তর্ভুক্ত করা হবে এবং উল্লিখিত অধ্যাদেশের ধারা ২৪.২ মোতাবেক ভাইস-চ্যান্সেলর এওয়ার্ড প্রদান করা হবে।

তবে, কোনো শিক্ষার্থীর বিরুদ্ধে শৃঙ্খলা ভঙ্গ/অসদাচরণের জন্য শাস্তির রেকর্ড থাকলে তাকে মেধা তালিকা ও পুরস্কারের জন্য বিবেচনা করা হবে না। একইসঙ্গে কোনো শিক্ষার্থী ডিন মেধা তালিকা ও পুরস্কার এবং ভাইস-চ্যান্সেলর মেধা তালিকা ও পুরস্কার—উভয়ের জন্য যোগ্য বিবেচিত হলে, প্রযোজ্য নীতিমালা অনুযায়ী তাকে ভাইস-চ্যান্সেলর মেধা তালিকা ও পুরস্কারের জন্য নির্বাচন করা হবে।

অতএব, উপর্যুক্ত শর্ত পূরণকারী সংশ্লিষ্ট শিক্ষার্থীদের আগামী ১৩/০৯/২০২৬ তারিখের মধ্যে নিম্নোক্ত কাগজপত্র সংযুক্ত করে যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে রেজিস্ট্রার, সিলেট কৃষি বিশ্ববিদ্যালয়, সিলেট বরাবর আবেদন করার জন্য অনুরোধ করা হলো।

আবেদনপত্রের সাথে যে যে কাগজপত্র সংযুক্ত করতে হবে:

১. নির্ধারিত ফরমে পূরণকৃত আবেদনপত্র।
২. আবেদনকারীর সংশ্লিষ্ট লেভেলের, সেমিস্টার-১ ও ২ এর গ্রেড সার্টিফিকেট/ট্রান্সক্রিপ্ট এর সত্যায়িত অনুলিপি।
৩. সংশ্লিষ্ট ডিন কর্তৃক চারিত্রিক সনদপত্র।
৪. প্রক্টর কর্তৃক অনাপত্তিপত্র (No Objection Certificate)।
৫. আবেদনকারীর পাসপোর্ট সাইজের ২ (দুই) কপি রঙিন ছবি।


06/09/2026
(প্রফেসর ড. মুক্তারুন্ ইসলাম)

ডিন


কৃষি প্রকৌশল ও প্রযুক্তি অনুষদ

স্মারক নং-সিকৃবি/ডিন-কৃ.প্র.ও প্র.অ./৭৪/১৭/৫৯৯

তারিখ: ০৬-০৯-২০২৬ খ্রি.

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। রেজিস্ট্রার, সিলেট কৃষি বিশ্ববিদ্যালয়, সিলেট।
- ২। পরীক্ষা নিয়ন্ত্রক, সিলেট কৃষি বিশ্ববিদ্যালয়, সিলেট।
- ৩। প্রক্টর, সিলেট কৃষি বিশ্ববিদ্যালয়, সিলেট।
- ৪। পরিচালক, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি সেল, সিলেট কৃষি বিশ্ববিদ্যালয়, সিলেট—ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ।
- ৫। ফোকাল পয়েন্ট, এপিএ, সিলেট কৃষি বিশ্ববিদ্যালয়, সিলেট।
- ৬। পিএস টু ভাইস-চ্যান্সেলর (ভাইস-চ্যান্সেলর মহোদয়ের সদয় অবগতির জন্য), সিলেট কৃষি বিশ্ববিদ্যালয়, সিলেট।
- ৭। নোটিশ বোর্ড।
- ৮। অফিস কপি।


06/09/2026
(প্রফেসর ড. মুক্তারুন ইসলাম)

ডিন

কৃষি প্রকৌশল ও প্রযুক্তি অনুষদ

সিলেট কৃষি বিশ্ববিদ্যালয়, সিলেট।